গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া,নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৫.০১৩.২৫- ৮৩০৭

তারিখ : ০৯ ফাল্গুন ১৪৩২
২২ ফেব্রুয়ারি ২০২৬

## "১৪৩৩ সনের জন্য খেয়াঘাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,কালিয়া উপজেলার জলাধীন উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়ন্ত্রণাধীন জলাধীন উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত খেয়াঘাট সমুহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রজেই-২ শাখা এর ১৯/০৪/২০০২৩ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নম্বর স্মারকে জারিকৃত নীতিমালার আলোকে বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে ১ম দফায় শুধুমাত্র জন্মগত পেশাদার পাটনীদের নিকট হতে এবং ২য় দফা হতে ৩য় দফায় সর্বসাধারণের নিকট হতে নির্দিষ্ট ফরমে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ১ম দফায় ইজারা প্রদানকৃত খেয়াঘাটের সিডিউল ২য় দফায়, ২য় দফায় ইজারা প্রদানকৃত খেয়াঘাটের সিডিউল ৩য় দফায় বিক্রয় করা হবে না। এ জন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না।

| ক্রমিক নং | খেয়াঘাটের নাম | বাংলা ১৪৩৩ সনের সরকারি প্রাক্কলিত ইজারা মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ১। | যাদবপুর খেয়াঘাট | ৩,৯৫,১৫৬/- | ১৪০০/- |
| ২। | নাওরা খেয়াঘাট | ৩,২৪,৫০০/- | ১৪০০/- |
| ৩। | নোয়াগ্রাম খেয়াঘাট | ৫,০০০/- | ৫০০/- |
| ৪। | ভোমবাগ খেয়াঘাট | ৩,৫২০/- | ৫০০/- |
| ৫। | ইসলামপুর খেয়াঘাট | ৫,২৮০/- | ৫০০/- |
| ৬। | হামিদপুর খেয়াঘাট | ৮,৩২,৭০০/- | ২৪০০/- |

### দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার সময়সূচীঃ

| দফা | সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মূল্যায়ন কমিটির সভার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম দফা | ০৯ মার্চ/২৬ বিকাল ৩.০০ টা | ১০ মার্চ/২৬ দুপুর ১.০০ টা | ১০ মার্চ/২৬ বিকাল ৩.০০ টা | ১০ মার্চ/২৬ বিকাল ৩.০০ টা | শুধুমাত্র জন্মগত পেশাদার পাটনীদের জন্য |
| ২য় দফা | ২৯ মার্চ/২৬ বিকাল ৩.০০ টা | ৩০ মার্চ /২৬ দুপুর ১.০০ টা | ৩০ মার্চ /২৬ বিকাল ৩.০০ টা | ৩০ মার্চ /২৬ বিকাল ৩.০০ টা | সর্বসাধারণের জন্য |
| ৩য় দফা | ০৫ এপ্রিল/২৬ বিকাল ৪.০০ টা | ০৬ এপ্রিল/২৬ দুপুর ১.০০ টা | ০৬ এপ্রিল/২৬ বিকাল ৩.০০ টা | ০৬ এপ্রিল/২৬ বিকাল ৩.০০ টা | সর্বসাধারণের জন্য |

### শর্তাবলিঃ

০১। দরপত্র ফরম (সিডিউল) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) কালিয়া, নড়াইল এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস, কালিয়া, নড়াইল হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

০২। দরপত্র অত্র কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), কালিয়া, নড়াইল-এর কার্যালয়ে রক্ষিত বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে গ্রহণ করা হবে।

০৩। ১ম দফায় দরপত্র দাখিলকারী **"জন্মগত পেশাদার পাটনী"** এই মর্মে তার বর্তমান পেশার বিবরণসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদ পত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। সীলমোহরযুক্ত খামের উপর খেয়াঘাটের নামসহ দরদাতার নাম, এবং পূর্ণ ঠিকানা উল্লেখ পূর্বক দরপত্র দাখিল করতে হবে।

০৫। দরপত্রের সহিত জামানত স্বরুপ দরপত্রে উদ্ধৃত দরের ৩০% যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র অসম্পন্ন বলে বিবেচিত হবে।উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা খেয়াঘাটের কোনো ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যয়িত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৬। দরপত্রের উদ্ধৃত দর অংকে ও কথায় পরিষ্কার ভাবে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন প্রকার ভুল, কাটাছেঁড়া বা ওভাররাইটিং থাকলে তা সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।

০৭। যার দরপত্র অনুমোদিত হবে তাকে ডাক মূল্যের অবশিষ্ট ৮০% অর্থ ৭(সাত) দিনের মধ্যে এককালীন পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ে উক্ত অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং ইজারা বাতিল করত: পুনঃ দরপত্রের মাধ্যমে উক্ত খেয়াঘাট ইজারা প্রদান করা হবে।

০৮। দরপত্র দাতাকে তার দরপত্রে উল্লিখিত দরের ১০% হারে আয়কর এবং ১৫% ভ্যাট/ উৎসকর প্রদান করতে হবে। যা উদ্ধৃতমূল্যের ৮০% অর্থ পরিশোধ করার সময়ে এককালীন পরিশোধ করতে হবে।

০৯। খেয়াঘাট সাব-লীজ প্রদান করা যাবে না। সাব-লীজ প্রমাণিত হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় খেয়াঘাট ইজারা প্রদান করা হবে।

১০। নিম্ন স্বাক্ষকারী কর্তৃক ইজারা অনুমোদনের পর নীতিমালা অনুযায়ী নির্ধারিত ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পের উপর চুক্তিনামা সম্পন্ন করতে হবে (ইজারাদারদের নিজ খরচে)।

১১। ইজারাদারকে খেয়াঘাটের পারাপারে টোল কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী আদায় করতে হবে। টোল আদায় রেট-এর চার্ট উভয়পারে প্রকাশ্য স্থানে ইজারদার কর্তৃক নিজ খরচে টাঙ্গিয়ে রাখতে হবে। জনসাধরণের পারাপারের সুবিধার জন্য উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য ঘাট নির্মান ও রক্ষনাবেক্ষন ইজারাদারকে নিজ খরচে করতে হবে।

১২। সরকারী/আধাসরকারী কর্মকর্তা/কর্মচারীগনে (সরকারী কাজে নিয়োজিত থাকাকালে) পারাপার মাসুল লাগবেনা।

১৩। খেয়াঘাট ইজারা সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে যে কোন দিন অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১৪। খেয়াঘাট ইজারা সংক্রান্ত অনুল্লিখিত শর্তাবলী সরকারী বিধান মতে প্রযোজ্য হবে।

১৫। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ কিংবা ব্যাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

22.02.26

(মোঃ জিন্নাতুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।
ফোন-০২৪৭৭৭৭৪৫০৭
unokalia@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৫.০১৩.২৫-৩৩৭(৫০)

তারিখ : ০৯ ফাল্গুন ১৪৩২ / ২২ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থেও কার্যার্থে:

১। জেলা প্রশাসক, নড়াইল।
২। পুলিশ সুপার, নড়াইল।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল ।
৪। সহকারী কমিশনার (ভূমি), কালিয়া, নড়াইল।
৫। প্রশাসক, কালিয়া পৌরসভা, নড়াইল।
৬। উপজেলা........................................................ অফিসার, কালিয়া, নড়াইল।
৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, কালিয়া, নড়াইল। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮। চেয়ারম্যান................................ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা................................... ইউনিয়ন ভূমি অফিস, কালিয়া, নড়াইল। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। সংশ্লিষ্ট নথি।

22.02.26

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।